

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস্ বন্ড কমিশনারেট
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-৫(১৩)০৬/বন্ড কমি:/কা: শা:/পলিসি/২০০১/অংশ-১/২০০৬/

তারিখ: ১৭/০৪/২০০৭ ইং

আদেশ

সম্প্রতি লক্ষ্য করা গেছে যে, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা এর অধিক্ষেত্রভুক্ত বিভিন্ন বিভাগ/সার্কেল/শাখার কিছু নথির কলেবর অস্বাভাবিকভাবে বৃদ্ধি পেয়েছে। ফলে উক্ত নথি সমূহের কার্যক্রম সম্পাদনে ও নথি চলাচলে দারুণ বিঘ্ন সৃষ্টি হচ্ছে। উক্তরূপ পরিস্থিতির নিরসন কল্পে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে আদেশ দেয়া হলো :

- (১) কোন নথির পত্রাংশের ক্রমিক ১০০০ এ উন্নীত হলে উক্ত নথির একটি অংশ নথি খোলার জন্য সংশ্লিষ্ট শাখা সহকারী প্রস্তাব উপস্থাপন করবেন ;
- (২) শাখা সহকারীর প্রস্তাব যথাযথ প্রতীয়মান হলে সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা ও সুপার সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট নথিটি উপস্থাপন করবেন এবং বিভাগীয় কর্মকর্তা অনুমোদন প্রদান করবেন ;
- (৩) বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হওয়ার পর নোটাংশের সব পাতা ফটোকপি করতে হবে। অতঃপর নোটাংশের সব পাতা মূল নথিতে এবং ফটোকপি অংশ নথিতে সংরক্ষণ করতে হবে। এছাড়া নোটাংশের ক্রমিক নম্বর এর ধারাবাহিকতা বজায় রাখতে হবে। বন্ড কর্মকর্তা ক্লোজড নথির নোটাংশের একটি পরিস্থিতি পত্র/সারসংক্ষেপ অংশ নথিতে সংরক্ষণ/সন্নিবেশ করবেন। ইউপি নথির ক্ষেত্রে নোটাংশের সকল পাতা সংরক্ষণের পরিবর্তে শুধুমাত্র একটি পরিস্থিতি পত্র তৈরী করতে হবে/ এবং সহগ, অঙ্গীকার নামা এবং দাবীনামার তথ্য (যদি থাকে) পাট নথিতে ডান পার্শ্বে পরিস্থিতি পত্রের সাথে সংরক্ষণ করতে হবে।
- (৪) লাইসেন্স নথির ক্ষেত্রে বন্ড লাইসেন্সের মূল কপির ফটোকপি মূল নথিতে সংরক্ষণপূর্বক মূল লাইসেন্স অংশ নথিতে স্থানান্তর করতে হবে। তাছাড়া, লাইসেন্স ইস্যুর পর কোনরূপ পরিবর্তন/পরিবর্ধন হয়ে থাকলে সে সকল তথ্য/আদেশের কপিও অংশ নথিতে (পত্রাংশ) সংরক্ষণ করতে হবে ;
- (৫) অনিয়ম মামলা/দাবীনামা অনিষ্পন্ন থাকলে সর্বশেষ অবস্থা উল্লেখপূর্বক একটি পরিস্থিতিপত্র অংশ নথিতে সংরক্ষণ করতে হবে যা বন্ড কর্মকর্তা তৈরী করবেন এবং অনিয়ম মামলা/দাবীনামা সংক্রান্ত সকল প্রাসঙ্গিক কাগজপত্র ফটোকপিপূর্বক মূল নথিতে এবং ফটোকপি অংশ নথিতে সংরক্ষণ করতে হবে। পাশাপাশি বন্ড কর্মকর্তা অংশ নথি খোলার পূর্বে অনিয়ম মামলা/দাবীনামা (যদি থাকে) সংক্রান্ত বিষয়ে নিবিড়ভাবে যাচাই করবেন।
- (৬) ক্লোজড নথি শাখা সহকারী যথাযথভাবে সংরক্ষণ করবেন।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

[হুসেইন আহমেদ]

কমিশনার (চ: দা:)

ফোন : ৯৩৪৭০০০।